

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১৯৫

পর্ব - ৯ ঃ অপরাধ প্রসঙ্গ (كتاب الجنايات)

পরিচ্ছেদঃ ৩. ন্যায়ের সীমালজ্ঘনকারী বিদ্রোহীদের সাথে যুদ্ধ - বিদ্রোহীদের সাথে লড়াই করার সময় যা করা নিষেধ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «هَلْ تَدْرِي يَا ابْنَ أُمِّ عَبْدٍ, كَيْفَ حُكْمُ اللَّهِ فِيمَنْ بَغَى مِنْ هَذِهِ الْأُمَّةِ?», قَالَ: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ. قَالَ: «لَا يُجْهَزُ عَلَى جَرِيحِهَا, وَلَا يُقْتَلُ أَسِيرُهَا, وَلَا يُطْلَبُ هَارِبُهَا, وَلَا يُقْسَمُ فَيْوُهَا». رَوَاهُ الْبَزَّارُ وَالْحَاكِمُ وَصَحَدَّحَهُ فَوَهِمَ; فَإِنَّ فِي إِسْنَادِهِ كَوْثَرَ بْنَ حَكِيمٍ, وَهُو مَتْرُوكٌ

ضعيف جدا. رواه البزار (1849 زوائد)، والحاكم (255)، واللفظ للبزار، وآفته كما ذكر الحافظ رحمه الله

বাংলা

১১৯৫। ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবনু মাস'উদ (রাঃ) কে বলেছিলেন - হে উন্মু আবদের পুত্র! তুমি কি জানো এ উন্মাতের বিদ্রোহীদের জন্য মহান আল্লাহ কি ফয়সালা দিয়েছেন? তিনি (ইবনু মাস'উদ) বলেন, আল্লাহ ও তার রাসূলই ভালো জানেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, বিদ্রোহী জখমীদের ব্যান্ডেজ (সেবা) করা যাবে না, কয়েদীদের হত্যা করা যাবে না, পলায়নকারীদের অনুসন্ধান করা যাবে না, তাদের গানিমাতের মাল বন্টিত হবে না।[1]

English

Ibn 'Umar (RAA) narrated that The Messenger of Allah (ﷺ) said "Do you realize Ibn Umm 'Abd what the ruling of Allah is concerning those who rebel



against the ruler in this Ummah?' I said, 'Allah and His Messenger know best. 'He said, "A wounded man among them is not to be given the last stroke (that kills him), their captive is not killed, the one who runs away is not followed and their booties are not divided (among other Muslims)." Related by Al-Bazzar and al-Hakim. The latter graded it as Sahih but he was mistaken as Kawthar bin Hakim (one of the narrators) is a rejected narrator.

ফুটনোট

[1] বাযযার ১৮৪৯, হাকিম ২৫৫। ইমাম হাইসামী তাঁর মাজমাউয যাওয়ায়িদ ৬/২৪৬ গ্রন্থে বলেন, এর সানাদে কাউসার বিন হাকীম বিদ্যমান, আর সে হচ্ছে দুর্বল পরিত্যাজ্য। ইবনু হযম তাঁর আল মুহাল্লা ১১/১০২ গ্রন্থে উক্ত বর্ণনাকারী সম্পর্কে বলেন, নিঃসন্দেহে তার হাদীস পরিত্যাজ্য। ইবনু উসাইমীনও শরহে বুলুগুল মারাম ৫/২৯৯ গ্রন্থে হাদীসটিকে মাতরূক বলেছেন। ইবনু হিব্বান তাঁর আল মাজরুহীন ২/২৩৩ গ্রন্থে বলেন, প্রসিদ্ধ হাদীস বিশারদগণ তাকে মুনকার বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত করেছেন। প্রসিদ্ধ হাদীস বিশারদগণ থেকে তিনি মুনকার হাদীস বর্ণনা করেছেন। তিনি বিশ্বস্ত বর্ণনাকারী থেকে হাদীস বর্ণনা করলেও সেগুলো শক্তিশালী নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন